# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬৭২

২৫/ জিহাদের ফযীলত (كتاب فضائل الجهاد عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ আল্লাহ্‌র পথে পাহারার ফযীলত।

## باب مَا جَاءَ فِي فَضْلِ الْمُرَابِطِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ، عَنْ إِسْمَاعِيلَ بْنِ رَافِعٍ، عَنْ سُمَىٍّ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ لَقِيَ اللَّهَ بِغَيْرِ أَثَرٍ مِنْ جِهَادٍ لَقِيَ اللَّهَ وَفِيهِ ثُلْمَةٌ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ مِنْ حَدِيثِ الْوَلِيدِ بْنِ مُسْلِمٍ عَنْ إِسْمَاعِيلَ بْنِ رَافِعٍ . وَإِسْمَاعِيلُ بْنُ رَافِعٍ قَدْ ضَعَّفَهُ بَعْضُ أَصْحَابِ الْحَدِيثِ . قَالَ وَسَمِعْتُ مُحَمَّدًا يَقُولُ هُوَ ثِقَةٌ مُقَارِبُ الْحَدِيثِ . وَقَدْ رُوِيَ هَذَا الْحَدِيثُ مِنْ غَيْرِ هَذَا الْوَجْهِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَحَدِيثُ سَلْمَانَ إِسْنَادُهُ لَيْسَ بِمُتَّصِلٍ مُحَمَّدُ بْنُ الْمُنْكَدِرِ لَمْ يُدْرِكْ سَلْمَانَ الْفَارِسِيَّ . وَقَدْ رُوِيَ هَذَا الْحَدِيثُ عَنْ أَيُّوبَ بْنِ مُوسَى عَنْ مَكْحُولٍ عَنْ شُرَحْبِيلَ بْنِ السِّمْطِ عَنْ سَلْمَانَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ .

বাংলা

১৬৭২। আলী ইবনু হুজর (রহঃ) ... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, জিহাদের কোন চিহ্ন না নিয়ে যে ব্যক্তি আল্লাহর সাক্ষাৎ করবে তার মধ্যে ত্রুটির চিহ্ন বিদ্যমান থাকবে। যঈফ, ইবনু মাজাহ ২৭৬৩, তিরমিজী হাদিস নম্বরঃ ১৬৬৬ [আল মাদানী প্রকাশনী]

ওয়ালীদ ইবনু মুসলিম-ইসমাঈল ইবনু রাফি’ (রহঃ) সূত্রের রিওয়ায়াত হিসাবে এই হাদীসটি গারীব। কতক হাদীস বিশেষজ্ঞ ইসমাঈল ইবনু রাফি’-কে যা’ঈফ বলেছেন। মুহাম্মদ (রহঃ)-কে বলতে শুনেছি যে, তিনি নির্ভরযোগ্য (ছিকা) ও বিশুদ্ধতার নিকটবর্তী বা (মুকারিবুল হাদীস)।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু ... নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রেও এ হাদীসটি একাধিক ভাবে বর্ণিত আছে। সালমান রাদিয়াল্লাহু আনহু-এর বর্ণিত হাদীসটির সনদ ’’মুত্তাসিল’’ নয়। মুহাম্মদ ইবনুল মুনকাদির সালমান ফারসী রাদিয়াল্লাহু আনহু-এর সাক্ষাৎ পান নি। আইউব ইবনু মূসা-মাকহূল-শুরাহবীল ইবনু সিমত-সালমান

রাদিয়াল্লাহু আনহু-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এ হাদীসটি অনুরূপ বর্ণিত আছে।

## English

Narrated Abu Hurairah:

That the Messenger of Allah (ﷺ) said: "Whoever meets Allah without any traces from Jihad he meets Allah with a defect.

[Abu 'Eisa said:] This Hadith is Gharib as a narration of Al-Walid bin Muslim from Isma'il bin Rafi'. Isma'il bin Rafi' was graded weak by some of the people of Hadith. I heard Muhammad saying: "He is trustworthy, average (Muqarib) in Hadith."

This Hadith has been reported from Abu Hurairah from the Prophet (ﷺ) through other than this route. Regarding the Hadith of Salman, its chain is not connected, Muhammad bin Al-Munkadir did not see Salman Al-Farisi.

This Hadith has been reported from Ayyub bin Musa, from Makhul, from Shurahbil bin As-Simt from Salman, from the Prophet (ﷺ).

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22181

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন